

গড় ব্যয়: কোনো দ্রব্য প্রতি একক উৎপাদনে যে ব্যয় হয় তাকে গড় ব্যয়  $AC$  বলে।


প্রান্তিক ব্যয়: কোনো দ্রব্যের মোট উৎপাদন এক একক পরিবর্তনের ফলে মোট ব্যয়ের যে পরিবর্তন হয় তার অনুপাতকে  $MC$  বলে।

গড় ব্যয় ও প্রান্তিক ব্যয়ের মধ্যে সম্পর্ক:

উৎপাদনের পরিমাণ	$TC$ (মোট ব্যয়)	$AC$ (গড় ব্যয়)	$MC$ (প্রান্তিক ব্যয়)
১ একক	১০ টাকা	১০ টাকা	১০ টাকা
২ একক	১৮ টাকা	৯ টাকা	৮ টাকা
৩ একক	২৪ টাকা	৮ টাকা	৬ টাকা
৪ একক	৩২ টাকা	৮ টাকা	৮ টাকা
৫ একক	৪৫ টাকা	৯ টাকা	১৩ টাকা

সূচিতে দেখা যায় যে, মোট ব্যয় ক্রমবর্ধমান হারে বাড়ে, ফলে  $AC$  ও  $MC$  প্রথমে হ্রাস পায় ও পরবর্তীতে বৃদ্ধি পায়,  $TC$  এর প্রভাবে  $AC$  ও  $MC$  প্রভাবিত হয়।  $\therefore AC$  ও  $MC$  এর মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে।

\* বিষয়টি চিত্রের সাহায্যে ব্যাখ্যা করা হল:



চিত্রে ভূমি অক্ষে উৎপাদনের পরিমাণ ও লম্ব অক্ষে  $AC$ ,  $MC$  দেখানো হয়েছে, চিত্র হতে দেখা যায়, প্রথমে  $AC$  ও  $MC$  উভয়ই হ্রাস পায় ও পরবর্তীতে বৃদ্ধি পায়।  $AC$  ও  $MC$  ৩য় একক পর্যন্ত নিম্নগামী তবে  $AC > MC$ , ৩য় এককের পর ৪র্থ এককে  $AC = MC$  হয়। পরবর্তী পর্যায়ে  $AC$  ও  $MC$  উভয়ই উর্ধ্বগামী হয়  $MC > AC$ ।